সমকাল

তারিখ 13 NOV 2016
পৃষ্ঠা ৫ কলাম ৭

# স্কুল মাঠে চাষ, বন্ধ খেলাধুলা

■ **মোকলেছুর রহমান**, *ধামরাই (ঢাকা)*

ধামরাইয়ের চরচৌহাট সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে একটি প্রভাবশালী মহল ফসল চাষ করায় গত দু'মাস ধরে খেলাধুলা বন্ধ রয়েছে। এ খেলার মাঠটি রক্ষার দাবিতে স্থানীয় ইউপি চেয়ারম্যান, প্রধান শিক্ষিকাসহ এলাকার শতাধিক ব্যক্তি গণস্বাক্ষর দিয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে লিখিতভাবে অভিযোগ দিলেও প্রশাসন কোনো ব্যবস্থা নিচ্ছে না বলে অভিযোগ পাওয়া গেছে। ধামরাইয়ের ভেলুটিয়া মৌজার আরএস ৫১, ৫২, ৫৭, ৫৯ দাগের ৪৯ শতাংশ জমি চরচৌহাট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নামে ও ৪৮ দাগের ৮৮ শতাংশ খেলার মাঠ হিসেবে রেকর্ডভুক্ত রয়েছে। এসব জমি স্কুল ভবন ও খেলার মাঠ হিসেবেই ব্যবহার হয়ে আসছে। মাস দুই আগে এলাকাবাসীর বাধা উপেক্ষা করে ওই স্কুলমাঠে স্থানীয় প্রভাবশালী আমজাদ হোসেন জোরপূর্বক মাসকলাই চাষ করেন। এরপর থেকেই মাঠে বিদ্যালয়ের শিক্ষার্থী ও এলাকার যুবকদের খেলাধুলা বন্ধ হয়ে যায়। এ ব্যাপারে আমজাদ হোসেনের সঙ্গে যোগাযোগের চেষ্টা করেও তাকে পাওয়া যায়নি। তবে তার ছেলে আলামিন খেলার মাঠে ফসল রোপণ করার কথা স্বীকার করেছেন। বিদ্যালয়টির ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকা জিনিয়া আজাদ বলেন, স্কুল মাঠে ফসল চাষ করায় দুই মাস ধরে শিক্ষার্থী ও এলাকার যুবকরা খেলাধুলা করতে পারছে না। বিষয়টি প্রশাসনের গুরুত্ব সহকারে দেখা উচিত। চৌহাট ইউনিয়নের চেয়ারম্যান পারভীন হাসান প্রীতি বলেন, এ বছর ফসল তুলে নেওয়ার পর আগামী বছর মাঠের চারদিকে দেয়াল নির্মাণ করা হবে, যাতে কেউ মাঠে ফসল রোপণ করতে না পারে। এ ব্যাপারে ধামরাইয়ের ইউএনও আবুল কালাম বলেন, আমি নতুন যোগদান করেছি। বিষয়টি তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

**অনিয়ম**



ধামরাইয়ের চরচৌহাট স্কুল মাঠে প্রভাবশালীর চাষাবাদ ■ সমকাল